

যুগান্তর

ছাত্র রাজনীতি: রাজনৈতিক দলের সহযোগী সংগঠন হিসেবে ছাত্র রাজনীতির দরকার নেই

প্রকাশ : ১৩ অক্টোবর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ড. জামিলুর রেজা চৌধুরী



ছাত্র রাজনীতির সঙ্গে যুক্ত কিছু শিক্ষার্থীর অপরাধমূলক কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত থাকার প্রেক্ষাপটে সম্প্রতি বিভিন্ন মহল থেকে দাবি উঠেছে, কিছুদিনের জন্য ছাত্র রাজনীতি বন্ধ থাকা দরকার। আমি মনে করি, ছাত্র রাজনীতি চলমান ধারা অব্যাহত থাকার দরকার আছে।

কিন্তু জাতীয় পর্যায়ে বিভিন্ন রাজনৈতিক দলের সহযোগী সংগঠন হিসেবে শিক্ষাপ্রতিষ্ঠানে কোনো সংগঠন থাকার দরকার নেই। বর্তমানে বুয়েটে যে পরিস্থিতি বিরাজ করছে, তার প্রেক্ষাপটে এ শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র রাজনীতি বন্ধ ঘোষণা করা হয়েছে। এটি কর্তৃপক্ষের নিজস্ব সিদ্ধান্ত।

রাজনীতির কারণে শিক্ষকরা বিভক্ত হন, শিক্ষা ও গবেষণার বাইরে পদ-পদবির জন্য প্রতিযোগিতায় লিপ্ত হন; রাজনৈতিক দলের কাছে গিয়ে ধরনা দেন। অ্যালামনাইয়ের পক্ষ থেকে আমরা শিক্ষার্থী, শিক্ষক, কর্মচারীদের রাজনৈতিক কর্মকাণ্ড নিষিদ্ধ করার দাবি জানিয়েছিলাম।

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের যে ছাত্র সংসদ রয়েছে, সেগুলোর দরকার আছে। কারণ এর মধ্য দিয়ে শিক্ষার্থীরা বিভিন্নভাবে উপকৃত হয়। খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ডসহ বাৎসরিক কর্মকাণ্ডের মধ্য দিয়ে শিক্ষার্থীদের মনন চর্চার যে সুযোগ হয়, তা পরবর্তী জীবনে তাদের দক্ষতা অর্জনে সহায়ক হয়।

ড. জামিলুর রেজা চৌধুরী : জাতীয় অধ্যাপক ও সাবেক তত্ত্বাবধায়ক সরকারের উপদেষ্টা, বুয়েট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।